



সীমান্ত হত্যা, মানবপাচার ও মাদক প্রতিরোধে মহেশপুরে বিজিবি-বিএসএফ বৈঠক



সংগৃহীত ছবি

ঝিনাইদহের মহেশপুর সীমান্তে বাংলাদেশ ও ভারতের সীমান্তরক্ষী বাহিনীর ব্যাটালিয়ন পর্যায়ে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে সীমান্ত হত্যা, মানবপাচার ও মাদক চোরাচালান প্রতিরোধে যৌথ উদ্যোগ জোরদারের ওপর গুরুত্ব দেওয়া হয়।

ঝিনাইদহের মহেশপুর সীমান্তের জিরো লাইনে শনিবার (৪ অক্টোবর) সকাল ৮টার দিকে বাংলাদেশ বর্ডার গার্ড (বিজিবি) ও ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ)-এর মধ্যে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে নেতৃত্ব দেন মহেশপুর ৫৮ বিজিবির কমান্ডার লে. কর্নেল মো. রফিকুল আলম এবং ভারতের ৫৯ বিএসএফ ব্যাটালিয়নের কমান্ডার শৈলেশ কুমার। বৈঠকটি অনুষ্ঠিত হয় মহেশপুর উপজেলার মাটিলা বিওপি সংলগ্ন সীমান্তের প্রধান পিলার ৫৩ নম্বরের নিকটে শূন্য রেখায়।

দুই ঘণ্টাব্যাপী আলোচনায় দুই বাহিনীর মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখা, সীমান্তে শান্তিপূর্ণ পরিস্থিতি নিশ্চিত করা, সীমান্ত হত্যা বন্ধ করা, মানবপাচার ও গরু চোরাচালান প্রতিরোধ, এবং মাদক পাচার রোধে যৌথ উদ্যোগ গ্রহণসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হয়।

বৈঠকে ৫৮ বিজিবির পক্ষে স্টাফ অফিসারসহ ১০ জন এবং বিএসএফের ৫৯ ব্যাটালিয়নের পক্ষে কমান্ডার শৈলেশ কুমারসহ সমসংখ্যক কর্মকর্তা উপস্থিত ছিলেন। বৈঠক শেষে দুই বাহিনীর মধ্যে পারস্পরিক সহযোগিতা ও যোগাযোগ বৃদ্ধির আশাবাদ ব্যক্ত করা হয়।